

২৫৬
(স্বামী যোগানন্দকে লিখিত)

228 W. 39th St., নিউ ইয়র্ক
২৪ জানুআরি, ১৮৯৬

যোগেন ভায়া,

অড়হর দাল, মুগের দাল, আমসত্ত্ব, আমসি, আমতেল, আমের মোরব্বা, বড়ি, মসলা সমস্ত ঠিকঠিকানায় পৌঁছিয়াছে। Bill of Lading-এতে (মাল-চালানের বিলে) নাম সহি করিবার ভুল হইয়াছিল ও invoice (চালান) ছিল না; তজ্জন্য কিঞ্চিৎ গোল হয়। পরে যাহা হটক ভালয় ভালয় সমস্ত দ্রব্য পৌঁছিয়াছে। বহু ধন্যবাদ! এক্ষণে যদি ইংলন্ডে স্টার্ডির ঠিকানায় -- High View, Caversham, Reading-এতে -- ঐ প্রকার দাল ও কিঞ্চিৎ আমতেল পাঠাও তো আমি ইংলন্ডে পৌঁছিলেই পাইব। ভাজা মুগদাল পাঠাইবার আবশ্যিক নাই। ভাজা দাল কিছু অধিক দিন থাকিলে বোধ হয় খারিপ হয়ে যায়। কিঞ্চিৎ ছোলার দাল পাঠাইবে। ইংলন্ডে duty (শুল্ক) নাই -- মাল পৌঁছিবার কোন গোল নাই। স্টার্ডিকে চিঠি লিখিয়া দিলেই সে মাল লইবে।

তোমার শরীর এখনও সারে নাই, বড়ই দুঃখের বিষয়। খুব ঠান্ডা দেশে যেতে পার, শীতকালে যেখানে বরফ বিস্তর পড়ে -- যথা দার্জিলিং? শীতের ঠুঁতোয় পেটভায়া দুরস্ত হয়ে যাবে, যেমন আমার হয়েছে। আর ঘি ও মসলা একদম ছেড়ে দিতে পার? মাখন ঘির চেয়ে শীঘ্র হজম হয়। অভিধান পৌঁছিলেই খবর দিব। আমার বিশেষ ভালবাসা জানিবে। ও সকলকে জানাইবে। নিরঞ্জনের খবর এখনও ঠিকানা করিতে পার নাই? গোলাপ-মা, যোগীন-মা, রামকৃষ্ণের মা, বাবুরামের মা, গৌর-মা প্রভৃতি সকলকে আমার প্রণামাদি জানাইবে। মহেন্দ্রবাবুর স্ত্রীকে আমার প্রণাম দিবে।

তিনমাস বাদে আমি ইংলন্ডে আসিতেছি, পুনরায় হুজুরের বিশেষ চেষ্টা দেখিবার জন্য। তারপর আসছে শীতে ভারতবর্ষে আগমন। পরে বিধাতার ইচ্ছা। সারদা যে কাগজ বার করতে চায়, তার জন্য বিশেষ যত্ন করিবে। শশীকে যত্ন করিতে বলিবে ও কালি প্রভৃতিকে। কাহারও এক্ষণে ইংলন্ডে আসিবার আবশ্যিক নাই; আমি ভারতে যাইয়া তাদের তৈয়ার করিব। তারপর যেথায় ইচ্ছা যাইবে। কিমধিকমিতি --

বিবেকানন্দ

পুঃ -- নিজেরা কিছু করে না এবং অপরে কিছু কিছু করিতে গেলে ঠাট্টা করে উড়িয়ে দেয় -- এই দোষেই আমাদের জাতের সর্বনাশ হইয়াছে। হৃদয়হীনতা, উদ্যমহীনতা সকল দুঃখের কারণ। অতএব ঐ দুটি পরিত্যাগ করিবে। কার মধ্যে কি আছে, কে জানে প্রভু বিনা। সকলকে Opportunity (সুযোগ) দাও। পরে প্রভুর ইচ্ছা। সকলের উপর সমান প্রীতি বড়ই কঠিন; কিন্তু তা না হলে মুক্তি হবে না। ইতি

-- বি